সতী-মিলন।

গীতাভিনয়।

" সঙ্গীতকেন রম্যেণ স্থ্যং ষম্ম ন চেতসি।
মনুষ্যুর্বভো লোকে বিধিনৈব স বঞ্চিতঃ॥"

কলিকাতা।

১০৭, শ্রামবাজারষ্ট্রীট, কর-প্রেসে, শ্রীরাধামাধব কর দ্বারা প্রকাশিত। শ্রীযন্ত্রনাথ মণ্ডল দ্বারা মুদ্রিত।

नकाक ३१३३।

উপহার।



অদেচনক বর।

প্রিয়-মুষ্কদ্ শ্রীযুক্ত লালা বনবিহারী কপূর বারুকে

" সতী-মিলন "



সাদরে

উপহার স্বরূপ

প্রদন্ত হইল।





বিজ্ঞাপন।

মহাকবি কালিদাস-গুণীত 'কুমার সম্ভব' নামক গ্রান্থের সার মর্মের সহিত কতিপার কাপোনিক ভাব সন্ধিবিশিত করিয়া " সভী-মিলন " রচিত হইল। ইহা ইংরেজী ' অপেরার ' অনুকরণ। সাধারণ সমীপে গ্রন্থেকার রূপে পরিচিত হওয়া লেখকের উদ্দেশ্য নহে। বর্ত্তনান সময়ে যে করেক খানি পুস্তক ' গীতাভিনয় ' বলিয়া প্রচারিত আছে তাহানের অধিকাংশই সম্পূর্ণ গীতিময় নহে, স্বতরাং 'অপেরা'র প্রণালীতে অভিনয়ের অনুপ্রাণী; এই পুস্তকখানি বিশুদ্ধ গীতাভিনয়-রূপে অভিনীত হয় ইহাই উদ্দেশ্য।

উর্দ্ধ ভাষার লিখিত 'ইন্দ্রসভা'ও মস্নবি' নামক গ্রেম্বরের স্থর অবলম্বন করিয়া এই গ্রেম্বর অবেনবগুলি গীতি রচনা করা গিয়াছে। গীতি-সংরচন-কালে ছন্দোনিয়ম সম্যক্ প্রতিপালন অসম্ভব; স্তরাং এই পুস্তকের যে অনেক স্থানেই ছন্দো-নিয়ম উল্লেখন করা ইইয়াছে, তাহা বলা বাছল্য। আপ্পাততঃ এ দেশের সন্ধীত-শাস্তের যেরূপ অবস্থা, তাহাতে এই পুস্তক্থানি যে সর্বান্ধ-স্করহইবে তাহার আশা করা যাইতে পারে না; তবে অভিনর-কালে ইহা সহ্লের দর্শক ও প্রোত্বর্গের হৃদর-প্রাহী হইলেই শ্রম স্ফল জ্ঞান করিব।

কলিকাতা শকাব্দাঃ ১৭৯৯। আধিন।

ঞ্জীদিগম্বর মৈত্র।

নাটোল্লিখিত ব্যক্তিগণ।

পুরুষ। ञ्जी। শিব। উমা। নারদ। জয়া। হিমালয়।

বিজয়া। কন্দৰ্প। মেনকা। नकी। রতি।

অঙ্গিরা প্রভৃতি সপ্তর্ষি। অপসরাদ্বয়।

কঞ্কী। পুর-নারীগণ।

প্রমথগণ।

সতী-মিলন।

গীতাভিনয়।

প্রথম অঙ্ক ।

প্রথম গর্ভাঙ্ক।

হিমালয় পুরী।

হিমালয় আদীন।

ইমনকল্যাণ—একতালা। ভজ রে মনঃ নারায়ণ,

(নেপথ্যে)

বাস্থদেব, পুরুষ প্রধান,

বাস্থ্যেব, বুরুব প্রবান, ভবভয় হয় নিবারণ,

করিলে যাঁহার স্মরণ।

ইমন কল্যাণ-ধামার।

প্রণমি হে দেব, তব চরণে, সার্থক হইল দেহ তব দরশনে।

সার্থক হইল পুরী, সার্থক জীবন,

দেবর্ষে, কি মনে করি হেথা আগমন ? প্রয়োজন কিম্বা মাত্র দিতে দরশন ? নার। মর্ত্ত্যলোকে মোর কিছু আছে প্রয়োজন, করিতেছিলাম তাই তথায় গমন, বহুদিন তব দনে দেখা হয় নাই.

ভাবিলাম এই যোগে দেখা ক'রে যাই।

হিমা। কি সোভাগ্য ! পাইলাম তব দরশন। আছে, মুনিবর, মোর এক নিবেদন॥

ভূপালী — মধ্যমান।

শুন দেব-ঋষি, বাসনা ক'রেছি মনে, উপযুক্ত পাত্র পেলে সঁপি তাঁরে উমাধনে; রূপে গুণে অলঙ্কতা, মম ছহিতা,

উপযুক্ত বর তার পাই কেমনে ?

(নেপথে) ইমন ভূপালী—মধ্যমান ৷

কৈলাস-পতি কুপা-নিধান কুলেশ্বর,

গিরিশ গঙ্গাধর, বীরেশ বিশ্বেশ্বর;

শস্তু শশিশেখর, সর্বেশ্বর।

কেদারা—একতালা।

নার। এ স্থমধুর স্বরে বল কে গান করে ? স্থধা বর্ষিল যেন শ্রবণ-কুহরে।

(উমার প্রবেশ।)

হিমা। ইনি মোর কন্তা উমা, (উমার প্রতি) মুনিরে প্রণম গো, মা। দেবর্ষি নারদ ইনি, পুজ ভক্তিভরে।

উমা। (নারদের প্রতি) নমি গো তোমারে।

প্রিণাম করণ ী

নার। (স্বগত)

দেব-গণ যাঁর পদ সদা বাঞ্ছা করে,

কি বলিয়া আশীর্কাদ করিব তাঁহারে ?

(প্রকাশ্যে)

কেদারা—মধ্যমান।

ধন্য গিরিরাজ ! তব সার্থক জীবন,

বহু-পুণ্য-ফলে তুমি পেয়েছ এ কন্যা-ধন ;

দিতীয় গর্ভাঙ্ক।

গন্ধর্ব-পুরী ক্রীড়া কানন।

(লতা-মণ্ডপ-মধ্যে রতি আসীনা।)

বেহাগ—একতালা ।

রতি। [স্বগত] সে বাঁচে কেমনে, পতির বিচ্ছেদ, সহে যে জনে।

অনুকূল পতি, দদা থাকি সঙ্গে,

তোষে মোর মন স্মর নানা রঙ্গে,

তিলেক বিচ্ছেদ শেল-সম অঙ্গে বাজে সঘনে।

কাৰ্য্যবশে পতি ত্ৰিদশ-আলয়ে

গেলেন, এখনি আসিব বলিয়ে;

এই অল্প কাল তাঁরে না দেখিয়ে বিকল মনে।

ल्या चंद्रचा

িকন্দর্পের প্রবেশ]

[নিকটে যাইয়া]

এস এস নাথ, বিলম্বে তোমার, চৌদিক দেখিতেছিকু অন্ধকার,

> চিন্তাকুল ভাব কেন হে তোমার, হেরি কি কারণ ?

কন্দর্প। প্রিয়ে শুন বিবরণ; ভয়ানক কাজ, মোরে দেবরাজ,

ক'রেছেন অর্পণ I

বেহাগ—যৎ।

রতি। প্রাণ নাথ। শীস্ত্র বলহে আমায়,

কি কাজ দেবরাজ দিলেন তোমায় ? নির্ম্মল বদন-শশী চিন্তা-মেঘে ঢেকেছে,

দেখে এ ভাব তোমার, মন মোর দহিছে,

বল মোরে শীঘ্র আর বিলম্ব না সহিছে, মরি মরি প্রাণ যায়।

কন্দর্প। তারকাস্থরের ভয়ে, ভীত দেবগণ, ব্রহ্মার নিকটে সবে করিয়ে গমন: মরিবে অস্তর কিসে জিজ্ঞাসে তাঁহায়, ব'লে দেন পিতামহ তাহার উপায়। রতি। মরিবে অস্থর, তবে ভাব কি কারণ ? কন্দ। অতঃপর শুন প্রিয়ে সব বিবরণ। সতী-শোকে পশু-পতি, মগ্ন সদা ধ্যানে, সে ধ্যান ভাঙ্গিতে হবে মোরে পঞ্চবাণে: শৈল-স্থতা উমা, তাঁরে পতি-লাভ-আশে, ভক্তি ভাবে পূজা দদা করে কুত্তিবাদে; এ দোঁহার সন্মিলনে জন্মিবে যে বীর, বিনাশি অস্তুরে, স্থুরে করিবে স্থুস্থির। না ভাঙ্গিলে শিব-যোগ হবেনা মিলন, পালিতে দেবের আজ্ঞা করিব গমন।

ঝিঝিট খাম্বাজ-মধামান।

রতি। একি কথা বলিলে হে নাথ, শুনিয়ে প্রাণ কেমন করে:

যোগীশ্বর-যোগ তুমি ভাঙ্গিবে হে পঞ্চশরে! রুষ্ট যদি হন শিব, ঘটিবে তব অশিব. যেওনা হে প্রাণনাথ,বিনয় করি পায়ে ধ'রে।

নিশ্বডা---ধামার।

কন্দ। প্রতিজ্ঞা করেছি আমি, (प्रवर्ग निकार यथन. অবশ্য তা' করিব পালন। ভাঙ্গিতে হরের ধ্যান, যায় যদি মোর প্রাণ, তথাপিও করিব গমন। প্রেয়সি ! বলি তোমায়, দেবতা যার সহায়,

তার ভয় আছে কি কখন ?

্ধান্বাজ—আডাখেমটা।

রতি। হে কান্ত! একান্ত যদি যাইবে দেখায়, পায়ে ধরি সঙ্গে করি নিয়ে যাও আমায়।

তিলেক বিচ্ছেদে পতি, পাগলিনী হয় রতি, করি তার এ তুর্গতি, যাইবে কোথায় ?

অস্ত গেলে দিনমণি, মুদে দেখ কমলিনী, মণিহারা হ'লে ফণী, প্রাণে ম'রে যায়।

নিকুড়া-ধামার।

কন্দ। একান্ত প্রিয়ে যাবে যদি মোর সনে,
চল করি হে গমন;
বিলম্বে নাহিক প্রয়োজন।
বসন্তে লইয়া সঙ্গে, যাই চল চতুরঙ্গে,

দেব-কার্য্য করিতে সাধন।

ইতি প্রথমান্ত।

দ্বিতীয় অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

হিমালয়ের উপত্যকা।

(অপ্সরা-দ্বয়ের প্রবেশ।) দিককাফি – থেমটা।

সমা। প্রফুল্ল দেখি দখি। তোমাকে আজ

কি কারণ ? বল কি স্থধ-সলিলে তুমি হ'লে মগন!

তারকাস্থরের (স্থি লো) ভয়ে ভীত

জারকান্ত্রের (নাব লো) ভরে ভাও অতি দেবগণে,

স্থারে লেশ-মাত্র নাহিক কাহার মনে।

২য়া। সে ভয় যা'বার উপায় এত দিনে হইয়াছে,

শুনে এলাম আমি সে কথা শচী দেবী'-কাছে

মরিবে অহার [সথি লো] হুখী হবে পুনঃ দেবগণে;

.भवगदगः

প্রফুল আমারে সই, দেখিছ আজ সে কারণে।

১মা। অস্থর-ভয়ে শচী-পতি সদা সশঙ্কিত ; অবাধে স্বৰ্গস্থথে ক'রেছে দেবে বঞ্চিত। এ শুভ দিন [সথি লো] সথি বলনা কবে হুইবে,

নির্ভয় অমরাবতী হইয়ে স্থথে ভাসিবে। ২য়া। দেব-দেব মহাদেব সতী-শোকে মগ্ন ধ্যানে,

> ভাঙ্গিবে সেধ্যান কন্দর্প তাঁর পঞ্চ-বাণে পরে উমা সনে [স্থি লো] শিবের মিলন হইবে।

>মা। সথি! কি স্থথের কথা শুনালি আজ মোরে,

> শুনে ভাসিল মোর মন আনন্দ সাগরে। পুনঃ নন্দন-বনে, স্থথে শচী দেবী সনে, ভ্রমিব, গাইব, নাচিব, সথি প্রেম-ভরে।

```
সতী-মিলন।
58
                  ( নৃত্য )
২য়া। ঐ দেথ সখীদনে, উমা আদিছে এখানে,
     যাইছে আশুতোষে পূজা করিবার তরে।
১মা। চল স্থি এখন, কুস্থম করি চয়ন,
     গাঁথি মালা চিকণ, পূজিব সব অমরে।
                          ি সূত্য ও প্রস্থান ]
  [ উমা ও জয়া বিজয়ার প্রবেশ এবং পুষ্প-চয়ন ]
              বেহাগ-একতালা।
জয়া। ফুল করিয়ে চয়ন;
     ভক্তি ভরে, মহেশ্বর-পদে, করগো অর্পণ
     অমুকুল দব দেব তোমা প্রতি,
     অবশ্য মহেশ, হ'বে তব পতি.
     চল সখি সেথা যাই শীঘ্ৰ-গতি,
     যথা ত্রিলোচন।
উমা। যোগীশর বদি' মহা যোগাদনে,
      ভয়ে দেখা যেতে নারে দেব গণে;
      বলনা সজনি যাইব কেমনে.
      ব্যাকুল হতেছে মন।
```

জয়া। যাঁর নাম নিলে ঘুচে ভব ভয়, তাঁর কাছে যেতে কেন কর ভয়, অবশ্য শঙ্কর হবেন সদয়, (इतिल ७ वमन। বিজ। জনক জননী তোমারে আদেশ ক'রেছেন, পূজা করিতে মহেশ; ভাবীপতি তব, জানহ ভবেশ; তবে ভয় কি কারণ গ উমা। সদাশিব হইবেন মোর পতি, হব কি সজনি হেন ভাগ্যবতী ? বিজ। এ আশা তোমার সফল পার্ব্বতি! কবিবেন জিলোচন। জয়া। ফুল হ'লো চয়ন; विनस्य कि कन, इन मथि इन, মহাদেবে করিতে অর্চন।

পিটোকোলন।

(প্রমথগণ-বেষ্টিত যোগসদনে শিব আসীন, উমা ও জয়া বিজয়ার অগ্রসর হওন।)

সিকুড়া---ধানার।

নন্দী। ললনে! কি মনে এখানে করিলে আগমন, বল কি আছে প্রয়োজন। সদাশিব এই খানে, নিয়ত মগন ধ্যানে, ভয়ে নাহি আসে দেবগণ। হ'লো নাকি ভয় প্রাণে, প্রবেশিতে এইখানে.

হ'লো নাকি ভয় প্রাণে, প্রবেশিতে এইথা ভীত যথা যক্ষ রক্ষোগণ।

সিন্ধু কাঞ্চি—আড়াঠেক।।

জয়া। শুন প্রমথ-প্রধান,বলিহে আমি তোমারে, ভিমাকে দেখাইয়া] হিমালয়-কন্মা ইনি,

বাঞ্ছা শিবে দেখিবারে।

এনেছেন বিল্বদলে, পুজিতে পদযুগলে,

দেহ অনুমতি, যাই পশুপতি পূজিবারে।

নন্দী। শিব-অনুমতি বিনে, আমি বলিতে পারিনে, অপেক্ষা কর এখানে, জিজ্ঞাদি আসি তাঁহারে।

বিজ। যাও তবে দ্বরা ক'রে আশুতোষে স্কুধিবারে,

> এ মিনতি, পশুপতি দেন দেখা গিরি-জারে।

নন্দী। [শিবের নিকট অগ্রসর হইয়া করপুটে]

বেহাগ থাম্বাজ—ঠুংরী।

আশুতোষ, মহেশ, কৈলাস-পতি, তব দাস, করে ও পদে মিনতি,

भिर । [नग्नर्तात्रीलन ।]

নন্দী। হিমালয়-কন্মা ছুই দথী দনে, অভিলাষিণী ও পদ দরশনে;

व्यानिशाष्ट्र जूनि कून-विवनतन,

বাঞ্ছিতা পূজিতে ও পদ-যুগলে; আছে আশা-পথ করি নিরীক্ষণ,

আছে আশা-পথ কার নিরাক্ষণ, হইলে আদেশ করে আগমন।

পরাৎপর প্রভু, মোক্ষ-বিধায়ক।

করুণ নয়নে, হের ভকত জনে, ল'য়েছি শরণ পদে তোমারি।

হামীর-মধামান।

শিব। শুন বরাননে! আসিলে মোর কাছে কবিয়া কি মনে।

কিবা অভিলাষ ক'রে, আসি এ পর্ব্বতোপরে, পূজা করিছ আমারে, বল কি কারণে ?

বেহাগ খাম্বাজ—কাওয়ালি।

জয়া। শুন দয়াময় আমি করি নিবেদন,—

হিমালয়-স্থতা উমা আগম-কারণ। প্রতি দিন প্রভু তব পূজা লাগিয়ে

বারি কুশ কুস্থমাদি দিতে আনিয়ে, আর করিবারে তব বেদি মার্জ্জন.

এই আশে গিরিজার হেথা আগমন।

বাগেশ্রী—আডাঠেকা। শিব। [উমার প্রতি] একান্ত এ সাধ যদি

হ'য়ে থাকে মনে, করিলাম অনুমতি তোমারে ললনে।

```
সতী-মিলন।
ŧ٥
নন্দী। [ স্বগত ] বাঞ্ছা-কল্পতরু বলি,' তাই
                              সর্ব্যজনে.
      ডাকে সদাশিবে জীবে ইহার কারণে।
             পিটক্ষেপ্ৰ।
            দুর্গু-বসন্ত কাল।
          িকন্দর্প ও রতির প্রবেশ।
              পরজবাহার-যৎ।
কন্দ। প্রেয়সি! দেখ হে কেমন আজ,
      অসময়ে প্রকৃতিরে সাজায়েছে ঋতুরাজ।
           কোথা বিক্ষিত কলি,
          দেখি ঝাঁকে ঝাঁকে অলি,
           আসিতেছে হইয়া আকুল;
           দেখ কিবা নব নব,
           তরুতে শোভে পল্লব,
           কোথাও বা শোভিছে মুকুল।
```

বহন করি স্থগন্ধ, আহা কিবা মন্দ মন্দ. বহিতেছে মলয় প্ৰন; দেখ প্রিয়ে! মৃগকুল, সৌরভে হ'য়ে আকুল, চারি দিকে করিছে ভ্রমণ। শাখী'পরে শুকশারী. বসি' কিবা সারি সারি, করিতেছে প্রেম-আলাপন: মরি কিবা মনোহর, তুলিয়া পঞ্ম স্বর, গাইতেছে মত্ত পিকগণ। বুঝা তব মুখশশী, (मिथरव विन' (श्रामि, আনন্দিত বনস্থলী আজ; তাই করিয়ে যতন, ল'য়ে কুস্থম-রতন, করিয়াছে মনোহর সাজ।

[রতিকে চিন্তাকুল দেখিয়া—] এ কি কেন তব বিরস বদন!

কি লাগিয়া অশ্রুপূর্ণ তোমার ও চারু লোচন। নির্মাল ও মুখ-শশী,

চিন্তা-রাহুতে প্রেয়সি.

বল না গ্রাসিল কি কারণ;

বিষণ্ণ দেখি তোমায়, চারি দিকু শৃন্য প্রায়,

দেখিতেছে আমার নয়ন।

পরজ—কাওয়ালি ।

রতি। নাথ! তুমি জান ত কারণ; কেন আমার মন উচাটন।

ঋতুরাজ অসময়ে, কেন এখানে আসিয়ে,

সাজালেন বনস্থলী বল কি কারণ।

ল'য়ে তুমি শরাসন, যে কার্য্যে কর গমন, সেই ভাবনাতে মোর ব্যাকুলিত মন i শুন বলি প্রাণনাথ, যাত্রাকালে অকস্মাৎ
নানা অমঙ্গল চিহ্ন ক'রেছি দর্শন।
দক্ষিণ আঁথি আমার, নাচিতেছে বার বার,
তাই বলি প্রাণনাথ, ক'রোনা গমন।
[সাকুনয়ে] নাথ শুন হে বারণ,
তোমার ধরি হে চরণ,
রাথ দাসীর বচন।

পরজ—আড়াঠেকা। কন্দ। [রতির হস্ত ধারণ]

> কি লাগি ভেবে তুমি হ'তেছ আকুল; কি ভয় তাহার যার দেব অনুকূল।

চল প্রেয়সি ! এখন, করি হে গমন, ভাঙ্গি ধ্যান তুষি দেবকুল।

ি উভয়ের প্রস্থান।]

্ ভঙ্গের অহান। পটোতোলন।

দৃশ্য—বসন্তকাল। বীরাসনে শিব; সন্মুখে পূজরতা উমা ও সখীদ্বয় দণ্ডায়মান। অদুরে প্রমুখ্যাণ।

জংলা ভূপানী-একতালা।

উমা। মহাদেব দীন দয়াল, কৈলাদপতি ভকত-বৎদল,

মহাযোগিবর জটাধর.

পশুপতি হর।

বামদেব বিরূপাক্ষ, বিশ্বনাথ বিশালাক্ষ,

ত্রিগুণ ধারক, ত্রিতাপ নাশক,

শিব বিশ্বেশ্বর ;

কুপানিধান কুপাসিন্ধু, দীনতারণ দীনবন্ধু, বিতরি প্রভো কুপাবিন্দু,

বাঞ্চা পূর্ণ কর।

(একান্তে কন্দর্প ও রতির প্রবেশ।)

মালকোষ—আড়াঠেকা।

শিব। স্থন্দরি! সন্তোষ পাইলাম পূজনে; মনোমত পতি লাভ কর বরাননে। কন্দ। [স্বগত] এই অতি শুভক্ষণ, করিতে কার্য্যসাধন,

> দেখি কি করিতে পারে মম শরাসনে? (শর্মক্ষান)

(শিবকে প্রণাম করিয়া পদ্মবীজ-মালা প্রদানে উন্মুখী উমার হস্ত হইতে মালা গ্রহণার্থ শিবের

হস্ত প্রসারণ।)

কন্দ। [স্বগত] বিলম্বে কি প্রয়োজন, ছাডি বাণ সম্মোহন.

পূর্ণ মনোরথ এবে করি, দেবগণে।

ভাঙ্গিয়ে হরের ধ্যান পরম যতনে। (শরক্ষেপণ)

(শিব ও উমার পরস্পার সতৃষ্ণ-নয়নে দৃষ্টি-পাত ও শৃত্য হইতে পুষ্পা-বর্ষণ।)

(জয়া বিজয়ার প্রতি জনান্তিকে)
কালেংডা—থেমটা।

দেখ সথি ! কেমন ত্বজনে পরস্পারে,— উভয়ে উভয়-মুখ হেরিছে প্রেম-ভরে। উদয় হইলে শশী, যথা কুমুদী রূপসী, সেইরূপ উমা আজ, প্রমোদিতা অন্তরে।

সার**ন্ধ** —কাওয়ালি।

শিব। [স্বগত] আমার কেন এমন হইল !! বিচলিত মন, হইল কি কারণ.

শরীর শিহরিল !!!

(পশ্চাৎ দৃষ্টিকরতঃ কন্দর্গকে দেখিরা প্রকাশ্যে)
রে স্মার পামর! মোর যোগ ভঙ্গ কর.

ফল ভোগ কর তার।

আকাশে]

ক্রোধ সংহর; প্রভো ক্রোধ সম্বর ;

হায় কি হইল! হর-কোপানলে মদন

পুড়িল!!!!

(বিচ্যুদ্ধ অগ্নি প্রকাশ ; পলায়নোন্মুখ কন্দর্পের পত্ম ; তদ্দুটে রতির মূর্ছ্ব ।)

্বিক্সিতে প্রমথগণকে আদিতে বলিয়া শিবের প্রস্থান, তদ্চেট উমা ও স্থীদয়ে-রও প্রস্থান। রতি। [চৈতন্য প্রাপ্ত হইয়া কন্দর্পের মৃত দেহের নিকট গমন]।

দেশ জংলা—কাওয়ালি।

কোথায় গেলে প্রাণনাথ! ছাড়িয়ে আমায়।
ভাঙ্গিতে হরের ধ্যান, হারা'লে আপন প্রাণ,
এ সময়ে দেবগণ, রহিল কোথায় ?
উঠ উঠ প্রাণেশ্বর, একি সাজে হে তোমার,
কুস্তম-শয়ন ছাড়ি, পতিত ধরায়।
দেখিয়া তোমার বর্ণ, লজ্জিত হ'ত স্তবর্ণ,
শে বর্ণ বিবর্ণ আজ, কেন হ'লো হায়!
করিয়ে ফুল চয়ন, গাঁথি মালা স্থ-চিকণ,
দিব আর প্রাণনাথ, কাহার গলায়!
কেন হে অমর কুল, হ'য়ে সবে প্রতিকুল,
বিধবা করিলে মোরে, মরি প্রাণ যায়।

হারা হইয়ে মদনে, কাজ কি ছার জীবনে,

প্রবেশি অনলে আমি ত্যজিব এ কায়!

্তৃতীয় অঙ্ক।

প্রথম গভান্ধ।

িহ্মালয় পর্বত; দেবদার রক্ষ-মূলে বেদিকোপরি আদীনা উমার সন্নিকটে জয়া বিজয়া দণ্ডায়মানা। দিল্লুকাদি—আড়াঠেল।

জয়া। এরূপ কঠিনব্রত, কত বা আর করিবে, শুকা'ল কোমল কান্তি, ভাবনা করিয়ে শিবে, অনশনে দিন দিন, হইতেছে তফু ক্ষীণ,

অনশনে দিন দিন, হইতেছে তকু ক্ষাণ, হ'লে দেহ প্রাণ-হীন, তবে কি দয়া হইবে ?

জানিমু সথি এখন, দ্য়ালু তিনি যেমন, কুপাময় ব'লে তাঁকে, ডাকে কেন

জীবে।

করিছেন এই দিকে আগমন

উঁ হাকে দেখিয়ে হেন মনে লয়, এল' কোন দেব, হইয়ে সদয়। (ব্রহ্মচারি-বেশে শিবের প্রবেশ; সকলের সসম্ভূমে গাতোত্থান ও উপবেশনার্থ আসন প্রদান।) বিজ। কর গো! প্রভো আসন গ্রহণ,

(ব্রহ্মচারীর উপবেশন)

উমা। (দথীপ্রতি) আন জয়া শীত্র পূজোপ-

করণ।

(জয়ার পাত্ত-অর্ধ্যাদি আনয়ন ও তদ্যুরা উমার ব্রহ্ম-চারীর অর্চ্চনা)।

বাগেন্স—আড়াঠেকা।

ব্রহ্ম। এ বরসে কি মানসে, ত্যজি গৃহবাসে, তাপদী হইলে শুভে! বল কোন আশে? গৃহ-স্থুথ পরিহরি, তাপদীর বেশ করি,

কি ছুঃখে বল স্থন্দরি এলে বন-বাদে।

উমা। (জয়ার প্রতি জনান্তিকে)

পশুপতি হবে' পতি, মনে করি আশ, থাকিতেন হৈযথা, যোগাসনে কৃতিবাস, পরে স্থ-নয়নে দেখি মদন-দহন, বুঝিলেন মনো-আশা হ'লোনা পূরণ। মনে মনে শিবে করি পতিত্বে বরণ, করিলেন তপদ্যায় সন্নিবেশ মন।

ব্রহ্ম। বল কি গুণ শিবের দেখিয়া পতিত্বে বরিতে মন হ'ল ?

রামকেলী-কাওয়ালি।

ত্যজিয়ে চন্দন, অঙ্গে ভশ্ম লেপন, করিবে কেমনে বল বল। সদা ভূত-গণ সঙ্গে করে ভ্রমন,

কপালে যার জ্বলে অনল,
নাহি কোন বাস, শ্মশানেতে নিবাস,
পরে যে জন বাঘ ছাল,
নাম বটে শিব, কার্য্য সদা অশিব,
তাহাকে বরিয়ে কি ফল ?

ভৈৰবী—পোস্তা।

উমা। নিন্দা করে শঙ্করে, তাঁরে জানেনা যে জন, পুজে তাঁহার পদ যত দেবগণ।

নাহি নিবাস, শাশানে বাস, তবু ত্রিলোক-স্বামী বলে সর্বজন; ভম্ম চন্দন জ্ঞান সমান। কে আছে নির্বিকার তাঁহার মতন, সথি! এখানে থাকি কেমনে? মহাদেবের নিন্দা করিগো শ্রবণ! চল হেথা হ'তে, করি গমন, বডই চপল ঐ অতিথি ব্রাহ্মণ।

(জন্না-বিজন্না-সহ প্রস্থানোমুখী উমার সন্মুখে ব্রহ্মচারীর বেশ পরিবর্ত্তন ও শিব-বেশে উমার হস্তধারণ)

সিন্ধুতৈরবী—ঠুংরি।

জয়া বিজয়া। (করযোড়ে) জয় শিব শঙ্কর,

যটিল দিগন্থর, মহাযোগী মহেশ্বর।
পাপ-বিনাশক, মোক্ষ-বিধায়ক,

আশুতোষ স্মর-হর।

মুক্তি-জ্ঞান-দাতা, সর্বজীব-ত্রাতা,

শক্ষ ব্যেশ বাহন।

শস্তু র্যেশ বাহন। সর্ব্ব-তুঃখ-হর, হর শুভঙ্কর, চন্দ্র-চূড় ত্রিলোচন।

CHIDALI

ত্রিশূল-ধারক, ত্রিতাপ-নাশক, মহাদেব বিশ্বেশ্বর। জয় শশি-শেথর, সর্ব্ব গুণাকর, নিজগুণে কুপা কর।

দাহানা—কাওয়ালি।

শিব। [উমাপ্রতি]

আমায় ক্ষমা কর বরাননে!
পেয়েছ যত ছুঃখ আমার কারণে;
বিলম্বে কি প্রয়োজন করহ বরণ,

সাক্ষী রাখি' স্থীগণে।

ভৈৰবী—কাওয়ালি।

উমা। [জয়ার প্রতি] দখী মোর এই আকিঞ্চন, পিতা মোরে সদাশিবে করেন অর্পণ।

জয়া। (করযোড়ে শিবের প্রতি)

হিমালয় কাছে প্রভো করুন গমন। সাদরে উমায় তিনি করিবেন অর্পণ।

মহাকাল,

ত্যজি'গৃহ-স্থথ, ধরি' তাপদীর বেশ, নিরন্তর পূজা উমা, করিছে মহেশ, পাইয়ে ক্লেশ দোণার বরণ হ'ল কাল।

> (কঞ্চুকীর প্রবেশ) ভৈরবী—যৎ।

কঞু। মহারাজ-সহিত সাক্ষাৎ কারণ, আছেন দাঁড়াইয়ে সপ্তর্ষি গণ। হিমা। শীত্র করিয়া করহ গমন,

সাদরে তাঁদের কর আনয়ন। (কঞুকীর প্রস্থান।)

মেন। সহসা আজি কেন ঋষি-গণ,
করিলেন এখানে আগমন ?
কিঞ্কীর সহিত অন্ধ্রাপ্রভৃতি সপ্তর্ধির
প্রবেশ।)
হিমালয় ও মেনকার সসম্ভ্রমে উত্থানী

[হিমালয় ও মেনকার সমন্ত্রমে উত্থান] ঋষিগণ। মঙ্গল হউক তোমার রাজন,

হিমা। বন্দি আমি দব ঋষির চরণ,

ছে।ক হৈ পূপবর।

ভৈববী---যৎ।

C / F / C =

হিমা। [মেনকার প্রতি]

চতুর্থ অঙ্গ।

প্রথম গর্ভাঙ্ক।

হিমালয়ের অন্তঃপুরস্থ পথ।

(পুরনারী দ্বয়ের প্রবেশ)

থাস্বাজ — দাদরা।

১মা। আহা! সথি শিবে দেথিয়া জুড়া'ল নয়ন, বেমন উমা সোনার প্রতিমা (সথি)

তেমনি বর ত্রিলোচন।

২য়া। ই নি ক্রোধ-পরায়ণ হইয়ে কথন,

মদনে করে'নি দাহন ;

মোর বোধ হয়, দেখিয়ে উহায়

(সে) লজ্জায় ত্যেজেছে জীবন। ১মা। চন্দ্র-শেথর রূপ মনোহর,

ে দেখি' বিমোহিল মনঃ।

হর-গোরী রূপ নেহারি

[চল] সফল করি গে জীবন।

(প্রস্থান।)

(নন্দী সহ মিকার হত্তে প্রমণগণের প্রবেশ)

অহং জঙ্গলা—দাদরা।

নন্দী। চল ভাই সবে মিলি করি গমন,
করিবারে যুগল রূপ দরশন।
১ম প্রমথ। [মিন্টার দশহিয়া ভঙ্গা সহকারে]

ত্র প্রম্থ। [মিন্ডান্ন দশাহরা ভঙ্গা শহকারে] এ মিন্ডান্ন ছেডে, কি কোথাও

এ মিফ্টান্ন ছেড়ে, কি কোথাও যাওয়া যায়.

খেয়ে নিই দাঁড়া ভাই, ধরি তোর

পায়।

২য় ঐ। [ভঙ্গী সহকারে] আহা মরি, কি মাধুরী, এই কচুরীর,

আহা মার, কি মাধুরা, এই কচুরার, থেলে হয়, পাপ ক্ষয়, নির্মাল শরীর।

খলে হয়, পাপ ক্ষয়, নিম্মল শরার

৩য় ঐ। [ভঙ্গী সহকারে]

দ্বিতীয় গৰ্ভাঞ্চ।

হিমালয়ের অন্তঃপুর—কোতুকাগার।
পুরনারী-গণ-বেফিত শিব ও উমা আসীন।
(অপ্সরাদ্বরের প্রবেশ)
ভৈত্তবী—কাওয়ালি।

>মা। সই আজি মনোসাধ পূরিল, কৈলাস-পতি-বামে উমা-সতী শোভিল।

হর হবেন পতি, আশাতে যেমন, করিয়াছিলেন উমা, ব্রত আচরণ, এত দিন পরে, সে তপদ্যার,

कन क्निन।

(হতা।)

২য়া। রজত-গিরি-দম শিব বেমন, স্থবর্ণ-লতিকা উমা ও তেমন, আমরি! বেন মণি কাঞ্চনে মিলিল।

(হত্য ও প্রস্পর্ফি।)

```
সতী-নিলন।
88
       ( প্রমথগণের প্রবেশ ও প্রণাম )
            সিন্ধু ভৈরবী —একতালা।
প্রমথগণ। জয় শিব শুভঙ্কর, জয় শিবে শুভ-
                                   স্করী.
          জয় হর জগত-পতি, জয় গোরী
                             জগদীশ্বরী।
নন্দী। গিরিজা-পতি, জীবের গতি,
              শস্তু ত্রিপুরারি;
        (माक-नाशिनी, कानवातिनी,
             উমা মহেশ্বরী।
প্রমথগণ। জয় শিব শুভঙ্কর [ইত্যাদি]।
নন্দী। জ্ঞান-আলোকে, সকল লোকে(র)
                        তমোদূর করি।
      ছুঃখ সংহর, স্থা বিতর.
           এই ভিক্ষা করি।
             (যবনিকা পতন।)
                 সমাপ্ত।
```

